

উন্নয়নের মূলধারায়

আলোকিত বাংলাদেশ

প্রকাশ: ০৫:৩২:২৮ PM, সোমবার, ফেব্রুয়ারী ১৩, ২০১৭

লিখিত পরীক্ষায় জালিয়াতি, ৪ পরীক্ষার্থী বহিষ্কার

অনলাইন ডেস্ক



৩৭তম বিসিএস এর লিখিত পরীক্ষায় অসুদপায় অবলম্বনের জন্য মো. রুবেল হক নামে একজন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। আজ সোমবার বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের জনসংযোগ কর্মকর্তা হাসান মো. হাফিজুর রহমান এ তথ্য জানিয়েছেন।

তিনি জানান, সোমবার রাজশাহী সরকারী মহিলা কলেজ কেন্দ্রে ৩৭তম বিসিএস লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয়। পরীক্ষার হলে ওই পরীক্ষার্থী অসুদপায় অবলম্বন করলে তাকে বহিষ্কার করা হয়।

এর আগে গতকাল রোববার বিসিএস এর লিখিত পরীক্ষার প্রথম দিনও তিন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে এবং অপর এক পরীক্ষার্থীকে ১৫ দিনের সশ্রম কারাদণ্ড প্রদান করা হয়েছে।

হাসান মো. হাফিজুর রহমান জানান, রোববার ঢাকার রাজধানী উচ্চ বিদ্যালয় থেকে মো. আলম মিয়া নামের একজন ভুয়া পরীক্ষার্থীকে আটক করা হয়। তিনি ৩৭তম বিসিএস প্রিলিমিনারি পরীক্ষায় অকৃতকার্য হন। প্রবেশপত্রে নিজের রেজিস্ট্রেশন নম্বর পরিবর্তন করে প্রিলিমিনারি টেস্টে পাস করা অন্য একজন পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর উল্লেখ করে পরীক্ষা দিতে এলে পরীক্ষা কেন্দ্রে তাকে আটক করা হয়। আটকের পর উক্ত কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত নির্বাহী ম্যাজিস্ট্রেট তার জবানবন্দী ও সাক্ষ্য গ্রহণ করে দণ্ডবিধির সংশ্লিষ্ট ধারা অনুযায়ী ১৫ দিনের সশ্রম কারাদণ্ডের আদেশ প্রদান করে তাকে ঢাকা কেন্দ্রীয় কারাগারে প্রেরণ করেন। দণ্ডপ্রাপ্ত ভুয়া পরীক্ষার্থী জনাব মো. আলম মিয়ার বাড়ি বগুড়া জেলার সোনাতলা উপজেলায়।

তিনি আরো জানান, একইদিন ঢাকা কেন্দ্রে হাজী আশ্রাফ আলী হলের আরো দুই পরীক্ষার্থীকে অসুদপায় অবলম্বনের কারণে হল থেকে বহিষ্কার করা হয়।

উন্নয়নের মূলধারায়

আলোকিত বাংলাদেশ

সম্পাদক ও প্রকাশক : কাজী রফিকুল আলম । সম্পাদক ও প্রকাশক কর্তৃক আলোকিত মিডিয়া

লিমিটেডের পক্ষে ১৫১/৭, গ্রীন রোড (৪র্থ-৬ষ্ঠ তলা), ঢাকা-১২০৫ থেকে প্রকাশিত এবং প্রাইম আর্ট

প্রেস ৭০ নয়াপল্টন ঢাকা-১০০০ থেকে মুদ্রিত। বার্তা, সম্পাদকীয় ও বাণিজ্যিক বিভাগ : ১৫১/৭, গ্রীন

রোড (৪র্থ-৬ষ্ঠ তলা), ঢাকা-১২০৫। ফোন : ৯১১০৫৭২, ৯১১০৭০১, ৯১১০৮৫৩, ৯১২৩৭০৩, মোবাইল : ০১৭৭৮৯৪৫৯৪৩, ফ্যাক্স :

৯১২১৭৩০, E-mail : info@alokitbangladesh.com, alokitbd7@gmail.com, alokitobdad@gmail.com

Print